

## শ্রীশ্রীহরি সঙ্গীত

৪৩

কাম কুপথ্য ছাড় রোগ আরোগ্য হই।  
করিলে নিষ্কাম পথ্য এ দেহ হবে সামর্থ্য হবিরে মন সবজয়ী ॥  
সাধুসঙ্গ কর মুষ্টিযোগ, আরোগ্য হবে ভবরোগ,  
আর কত ভুগবি রোগে, তোরে বুঝাই।  
পান কর প্রেম পঞ্চ পাচন, ভবরোগ হবে পরিত্রাণ,  
কৃপা করবেন কৃপাময়ী ॥  
না হয় অনুরাগের তেতুল গুলে, পান কর মন হরিবলে,  
নব রসের ডাবের জলে মহাভাবের কাঁচি দই।  
পান কর শ্রদ্ধা করে, ভবরোগ তোর যাবে সেরে,  
জানবি না আর গুরু বই ॥  
গৌসাই তারকচাঁদ কয় হওগে খাঁটি, ছেড়ে দে সব ময়লামাটি,  
অসৎ পেচাল পঁচাপুটি ভব রোগের বৃদ্ধি ঐ।  
মহানন্দের ভাব সাগরে, ডুব দেরে তুই বিরাগ ভরে,  
অশ্বিনী তোরে সুধাই ॥

### ৫৭ নং তাল-চুংরী

পতিত পাবনে হবে রণ। সমরে সাজ মন ॥  
(৩ মন) তুই পতিত, হরি পাবন, সম্মুক যুদ্ধে হানাদে মন  
মস্তকের সাধন না হয় এ দেহ পতন ॥  
১। তোর পাপ সেনা মদ মত্ত, নাম অস্ত্রে হবে হত,  
কামাদি সৈন্য ছয় জন ॥  
ভবরঙ্গ মঞ্চ মাঝে কুহকিনীর মায়ায় মজে,  
চল্লিনা মন আপন বুঝে কি করণ ॥  
২। তোর তমঃ দেখে দীনবন্ধু  
সঙ্গে সৈন্য ভক্তবন্দ রণে এল হরিধন ॥